

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-০৬/প্রকল্প/২০১২-৪৩১

তারিখঃ ২৭.০৬.২০১৩ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঁজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় "সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন (কোড নং-৫২৩০) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১২-২০১৩ অর্থ বছরে পুনঃ নির্ধারিত সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি বাবদ মূলধন খাতে ছাড়কৃত অর্থ হতে রাজস্ব খাতে সমন্বয় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ১৯.০৬.২০১৩ তারিখের স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-০৬/প্রকল্প/২০১২-৪৩৩ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন (কোড নং-৫২৩০) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১২-২০১৩ অর্থ বছরের ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের অধীন সংশোধিত এডিপিতে জিওবি খাতে পুনঃ নির্ধারিত অর্থ হতে ১ম-২য় কিস্তি বাবদ মূলধন খাতে অতিরিক্ত ছাড়কৃত ১৪৮৭.০০ লক্ষ টাকা হতে ১৭.০০ লক্ষ টাকা রাজস্ব খাতে সমন্বয়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

০২। এই ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং- ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৩ টাকা মেডিকেল কলেজ হাসপাতাল সম্প্রসারণ ও আধুনিকীকরণ (সংশোধিত) (কোড ৭২১০) হতে বহন করা হবে।

০৩। উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুধু ও মূল্য সংযোজন কর এবং পূর্ণভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত)।

০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকের মাধ্যমে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শর্তে জারী করা হলোঃ

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে ; এবং
- (গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১৫৪/

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-০৬/প্রকল্প/২০১২-৪৩১/১(৯)

তারিখঃ ২৭.০৬.২০১৩ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প সাতক্ষীরা।
- ৩। উপ-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
- ৭। যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপ-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব